



ইন্টারনেট
এবং ওয়েব (ওয়াল্ড ওয়াইড ওয়েব)
এর মধ্যে পার্থক্য কি?



Digital
Literacy
Center



শাওন একটা বিষয়
একটু বুঝিয়ে বল তো।

হ্যাঁ বলো ভাইয়া।

ইন্টারনেট এবং
ওয়েব সম্পর্কে
একটু বলতো

ইন্টারনেট হলো একটি বিশাল
নেটওয়ার্ক যা সারা বিশ্বের
কম্পিউটারকে সংযুক্ত করে।

মানুষ ইন্টারনেট সংযোগের
মাধ্যমে যেকোনো জায়গা থেকে
তথ্য আদান-প্রদান করতে পারে
এবং যোগাযোগ করতে পারে।

আর, ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (সংক্ষেপে 'www'
বা 'ওয়েব') হলো কম্পিউটারের নেটওয়ার্কে
পাওয়া ওয়েব পেজগুলোর একটি সংগ্রহ।

তোমার ওয়েব ব্রাউজার ইন্টারনেট ব্যবহার
করে ওয়েব অ্যাক্সেস করতে পারবে।

আচ্ছা বুঝেছি।
এদের ভেতর কী
পার্থক্য আছে?

পার্থক্য বলতে ইন্টারনেট মূলত একটি
অবকাঠামো; যেখানে ওয়েব সেই
অবকাঠামোর উপরে পরিবেশিত হয়।

অর্থাৎ, ইন্টারনেট হলো কোটি
কোটি সার্ভার, কম্পিউটার এবং
অন্যান্য হার্ডওয়্যার ডিভাইসের
একটি বিশ্বব্যাপী নেটওয়ার্ক।

একটি বৈধ IP ঠিকানা ব্যবহার করে ইন্টারনেটের
সাথে সংযুক্ত হলে প্রতিটি ডিভাইস অন্য
যেকোনো ডিভাইসের সাথে সংযোগ করতে পারে।

